

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



ফিল্ড ট্রিপ আবার শুরু হয়েছে! একটি ক্লাসরুম হিসেবে আমাদের সিটির ঐশ্বর্যকে ধন্যবাদ জানাই

প্রিয় নিউ ইয়র্কবাসী:

আমি মঙ্গলবার দিন ব্রুকলিনের PS 46-এর দ্বিতীয়-এবং-তৃতীয় গ্রেডের শিক্ষার্থীদের সাথে সেন্ট্রাল পার্কের আমাদের চমৎকার [আমেরিকান মিউজিয়াম অভ ন্যাচারাল হিস্টরি](#)-তে ফিল্ড ট্রিপে যোগ দিতে পেরে খুব আনন্দ পেয়েছি। আমরা সকালটা ব্যয় করেছি হল অভ ওশান লাইফের বিশাল নীল তিমি ও নর্দার্ন সী লায়ন সম্পর্কিত প্রদর্শনী, হারবার সীল, এবং সাঁতার-কাটা পাখী দেখে - যেগুলোকে ছেলেমেয়েদের প্রিয় মনে হয়েছে, কারণ ঘুরে ঘুরে দেখে কয়েকজন দ্বিতীয়-গ্রেডের শিক্ষার্থী উৎসাহভরে আমাকে বলেছে, “ওই পাখিগুলি আকাশেও উড়ে, আবার পানিতে সাঁতারও কাটে।”

আমি দারুণভাবে কৃতজ্ঞ যে আমাদের সিটির ঐশ্বর্য থেকে আমাদের ক্লাসরুম এবং আমাদের শিক্ষার্থীদের শেখার আওতা বৃদ্ধির জন্য মিউজিয়াম অভ ন্যাচারাল হিস্টরি-এর মতো প্রতিষ্ঠান রয়েছে। এই সুযোগসমূহের মধ্যে অনেকগুলিই প্যানডেমিকের (বৈশ্বিক মহামারীর) অধিকাংশ সময়ে লুপ্ত হয়ে গিয়েছিলো। কিন্তু ফিল্ড ট্রিপ আবার ফিরে এসেছে! এবং PS 46-এর প্রিন্সিপ্যাল অ্যাডাম ব্রেভারম্যান (Adam Braverman) এবং সিটিব্যাপী আমাদের স্কুল নেতৃত্ব এবং শিক্ষাবিদগণ আবার স্কুলের দরজা খুলছেন... এবং আমাদের শিক্ষার্থীদের কল্পনাশক্তি এবং শিক্ষণের স্পৃহাকে সক্রিয় অনুসন্ধান এবং আবিষ্কারের মাধ্যমে প্রজ্জ্বলিত করছেন।

একজন শিক্ষক এবং প্রিন্সিপ্যাল হিসেবে আমার সময়ে, আমি শিক্ষণকে আরও হাসি-কৌতুকময় এবং রোমাঞ্চিত করার সহায়তায় ফিল্ড ট্রিপের পুরো সুযোগ নিতে ভালোবাসতাম—যাতে ছেলেমেয়েরা তাদের ক্লাসরুম থেকে বের হয়ে সংস্কৃতি, বিজ্ঞান, ইতিহাস, এবং শিল্প-কলার ডায়ারোমা-তে (সাজানো প্রতিক্রমে) অবতীর্ণ হতে পারে, যা হলো এই নিউ ইয়র্ক সিটি।

এটি চমৎকার যে, আমাদের স্কুলগুলি আবার ওই সব করতে পারছে এবং আমরা ভাগ্যবান যে আমাদের স্কুলসমূহ এবং পরিবারের জন্য [আরবান অ্যাডভানটেজ](#)-এর মতো অনেক প্রোগ্রাম রয়েছে যাতে তারা বহু সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে - যেমন আমেরিকান মিউজিয়াম অভ ন্যাচারাল হিস্টরি-কে - সহজে উপভোগ করার সুযোগ পায়, যার কারণে বসবাস এবং সন্তান লালন-পালনের জন্য একটি পরিবারের কাছে এটি একটি বিশেষ স্থান হয়ে উঠে।

আমাদের শিক্ষার্থীদের সাথে একটি চমৎকার ফিল্ড ট্রিপে যাবার সুযোগ পেয়ে - দেখেছি শিক্ষার্থীদের মুখমণ্ডল অর্থাৎ বিস্ময়ে এবং ওৎসুক্যে উজ্জ্বল হয়ে ওঠে - যা আমাকে আবার মনে করিয়ে দেয়, আমাদের সিটির স্পৃহা-জাগানোর সক্ষমতার...এবং আমাদের শিক্ষার্থীদের মেধাবী অঙ্গীকারের বিষয়টি। এবং আমরা যখন থ্যাংকসগিভিংয়ের সপ্তাহের দিকে এগোচ্ছি, সেই সময়ে এই কাজটি করতে পেরে.... এবং কমিউনিটির অংশ হয়ে এই কাজটিকে আমাদের শিক্ষার্থী ও তাদের শিক্ষার প্রতি একটি শক্তিশালী প্রতিশ্রুতিসহ করতে পেরে, আমি কতটা কৃতজ্ঞ (থ্যাংকফুল), সেটা বলতে চাই। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলির একটি অংশ হবার জন্য আপনাকে ধন্যবাদ, এবং আমি এর সাথে আপনাদের সকলকে আমি ছুটির শুভকামনা এবং শুভেচ্ছা জানাই।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks),  
চ্যান্সেলর

---

আপনি যদি PS+You থেকে আর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে [আনসাবস্ক্রাইব](#) করুন।